নিম্নবর্ণিত সদস্যের সমন্বয়ে কর্তৃপক্ষ গঠিত, যথা:-

(ক) চেয়ারম্যান;

(খ) চারজন সার্বক্ষণিক সদস্য;

(গ) জেলা প্রশাসক, খুলনা;

(ঘ) জেলা প্রশাসক, যশোর;

(ঙ) জেলা প্রশাসক, বাগেরহাট;

(চ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন উপ-সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি;

(ছ) ভূমি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন উপ-সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি;

(জ) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন উপ-সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি:

(ঝ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক মনোনীত গণপূর্ত অধিদপ্তরের অন্যূন তত্ত্বাবধায়ক প্রকৌশলী পদমর্যাদার একজন প্রতিনিধি:

(ঞ) স্থাপত্য অধিদপ্তর কর্তৃক মনোনীত উহার একজন প্রতিনিধি:

(ট) মোংলা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত উহার একজন স্থায়ী সদস্য;

(ঠ) পুলিশ কমিশনার, খুলনা কর্তৃক মনোনীত অন্যূন উপ-পুলিশ কমিশনার পদমর্যাদার একজন প্রতিনিধি:

(ড) পরিবেশ অধিদপ্তর কর্তৃক মনোনীত উহার অন্যূন পরিচালক পদমর্যাদার একজন প্রতিনিধি:

(ঢ) খুলনা সিটি কর্পোরেশন, মোংলা পৌরসভা এবং নওয়াপাড়া পৌরসভা কর্তৃক মনোনীত উহাদের একজন করিয়া উপযুক্ত প্রতিনিধি; এবং

(ণ) কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় বসবাসরত সরকার কর্তৃক মনোনীত তিনজন বিশিষ্ট নাগরিক, তন্মধ্যে একজন হইবেন পরিকল্পনাবিদ এবং একজন হইবেন মহিলা;

(ত) সচিব, যিনি ইহার সাচিবিক দায়িত্ব পালন করিবেন।

(২) উপ-ধারা (১) এর দফা (ণ) এর অধীন মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হতে পরবর্তী ৩ (তিন) বৎসর মেয়াদে সদস্য পদে অধিষ্ঠিত থাকিবেন:

তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোনো সময় কারণ দর্শানো ব্যতিরেকে, উক্তরূপ মনোনীত কোনো সদস্যকে সদস্য পদ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে এবং কোনো মনোনীত সদস্য সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করিতে পারিবেন।